*বিসমিল্লাহির রহমানির রহিম*

# আশেক আলী খাঁন উচ্চ বিদ্যালয় ও কলেজের প্রাক্তন ছাত্র ছাত্রীদের পুনর্মিলনী -২০২৫

**প্রিয় সুহৃদ প্রাক্তন ছাত্র ছাত্রী বৃন্দ,**

**আস্‌সালামুআলাইকুম**

আপনারা জেনে আনন্দিত হবেন যে, **আগামী ২৭ইা ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টব্দ, মোতাবেক ১২ই পৌষ ১৪৩২ বঙ্গাব্দ রোজ শনিবার "আশেক আলী খাঁন উচ্চ বিদ্যালয় ও কলেজ"** এর সকল প্রাক্তন ছাত্র ছাত্রীদের (১৯৭১ থেকে ২০২৪ সাল পর্যন্ত এস এস সি পাস পাস / অধ্যয়ন করা) অংশগ্রহনে আয়োজন করা হবে পুনর্মিলনী ২০২৫। এই দিনটিতে আমরা ফিরে যেতে চাই প্রিয় সেই আঙ্গিনায় যেখানে আমাদের স্মৃতি হয়ে আছে শৈশব, কৈশোর ও যৌবনে শিক্ষা গ্রহনের মধুময় দিনগুলি। আমাদের প্রিয় আশেক আলী খাঁন উচ্চ বিদ্যালয় ১৯৬৬ সালে মহান এক নক্ষত্র পুরুষ মরহুম আশেক আলী খান সাহেবের ঐকান্তিক ইচ্ছায় যাত্রা শুরু করেছিল উনার নিজ ছোট্ট বাংলোতে। এই মহতী মানুষটি তৎকালীন চাঁদপুর মহকুমার প্রথম মুসলিম গ্রেজুয়েট এবং একজন সমাজ সেবক ও শিক্ষাণুরাগী। তিনি তখনকার সময়ে উচ্চপদস্থ সরকারি চাকুরীর লোভনীয় সুযোগ গ্রহন করার পরিবর্তে শিক্ষা বিমুখ মানুষদেরকে শিক্ষায় উদ্বুদ্ধ করে শিক্ষিত ও আলোকিত জাতি গঠনের লক্ষ্যে শিক্ষকতার মহান পেশাকে বেছে নিয়েছিলেন। তিনি দেশের অনেক প্রথিতযষা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা শেষে নিজ এলাকায় শিক্ষার আলো ছড়িয়ে আলোকিত সমাজ গড়ার প্রত্যয়ে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। সর্বশেষ নিজ গ্রামে প্রতিষ্ঠা করেন প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান। সেই থেকে শুরু **"আশেক আলী খাঁন উচ্চ বিদ্যালয়"**। আজ তারই সূযোগ্য দেশ বরণ্য উত্তরসুরীদের ঐকান্তিক প্রচেষ্টায় এখানে গড়ে উঠেছে সূরম্য অট্টালিকা, প্রশস্থ সবুজ প্রান্তর, গাছ গাছালিতে আবৃত মাঠ, যেখানে শিশু কিশোর যুবকদের জ্ঞানের আলো আহরণের স্বতঃস্ফুর্ত উম্মাদনা, উন্নীত হয়েছে উচ্চ বিদ্যালয় থেকে মহাবিদ্যালয়ে। আজ এইক্ষণে কৃতজ্ঞচিত্তে স্মরন করি সেই ক্ষণজন্মা মহাপুরুষকে ও উনার পরিবারের সুহৃদ সদস্যগণকে যারা এই মহাব্রতকে বেগবান ও উন্নত করায় অবদান রেখেছেন এবং রাখবেন। স্নরন করি সেই সকল ব্যক্তিবর্গ ও শিক্ষকমন্ডলীদেরকে যাদের সাথে নিয়ে মরহুম আশেক আলী খান সাহেব এই মহান কর্ম শুরু করে সমাজকে আলোকিত করেছিলেন। এই সকল ব্যক্তিত্বদের যারা পরলোকে পাড়ি দিয়েছেন তাদের জন্য দোয়া মহান রাব্বুল-আলামিন সবাইকে মুক্তি দিয়ে উত্তম পুরুস্কার দিন, আর যারা বেঁচে আছেন তাদের সবাইকে কল্যাণ, সুখ-শান্তি ও উচ্চ মর্যাদা দান করুন।

**প্রিয় প্রাক্তন ছাত্র ছাত্রী ভাই বোনেরা,**

আমাদের প্রাণের এই প্রতিষ্ঠান থেকে এ পর্যন্ত প্রায় ৩,৮০০ (আটত্রিশ হাজার) ছাত্র ছাত্রী শিক্ষা নিয়ে দেশ বিদেশে স্ব-স্ব কর্মক্ষেত্রে যোগ্যতার স্বাক্ষর রেখেছেন এবং রাখছেন। আপনারা হয়তো জেনে থাকবেন একদল প্রাক্তন ছাত্র ছাত্রী ১৯৮৪ সালে প্রথম স্বল্প পরিসরে এবং পর্যায়ক্রমে অতীতে বিভিন্ন সময়ে পুনর্মিলনীর আয়োজন করেছিলেন। কিন্তু তৎকালীন সময়ে যোগাযোগ ব্যবস্তার অপ্রতুলতার জন্য বেশীর ভাগই অংশগ্রহন করতে পারেনি। পরবর্তীতে কর্মব্যস্ততা, পরিবেশ পরিস্থিতি ও সময় সুযোগের অভাবে ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয়নি। সময়ের পরিক্রমায় পুনর্মিলনের প্রচলন জনপ্রিয় হলে অনেকেই ব্যাচ ভিত্তিক সীমিত পরিসরে পুনর্মিলনের আয়োজন করেছেন। এবারই এক ঝাঁক তরুন প্রাক্তন ছাত্র ছাত্রীদের স্বতঃস্ফুর্ত উদ্যোগে ও কর্মতৎপরতায় এবং বয়োজ্যেষ্ঠ প্রাক্তন ছাত্র ছাত্রীদের অনুপ্রেরনায় আয়োজন হতে যাচ্ছে শুরু থেকে আজ পর্যন্ত সকল প্রাক্তন ছাত্র ছাত্রীদের পারস্পরিক পরিচিত, ভাব বিনিময় ও সকলের প্রিয় বিদ্যালয়ের মধুময় দিনগুলির স্মৃতিচারণের উদ্দেশ্যে **পুণর্মিলনী ২০২৫**। আসুন আমরা সবাই মিলে **১৪৩২ বঙ্গাব্দের ১২ই পৌষ (২০২৫ খ্রিষ্টাব্দ, ২৭ই ডিসেম্বর) শনিবার** এর রোধ মাখা শীতের দিনটিতে মিলিত হই সে আঙ্গিনায় যেখান থেকে শুরু হয়েছিল আমাদের আলোর পথ চলা, স্মরণ করি সেই দিনগুলির স্মৃতি যেখানে ছোট্ট মাঠে সবুজ ঘাসে বসে শিক্ষার পাঠ নিয়েছিলাম সুযোগ্য শিক্ষাগুরুদের থেকে, যারা এখনো স্মৃতি পাতায় দৃশ্যমান। **আল্লাহ্‌ ছোবহানাহুতাআলা আমাদের সহায় হোন। আমিন।**